সংবাদ

তারিখ ... 03 OCT 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঝরে পড়া রোধে শিক্ষার্থীদের নিয়ে মা সমাবেশ

জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও

ঝড়ে পড়া রোধে ঠাকুরগাঁওয়ে শিক্ষার্থীদের নিয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে সদর উপজেলার ঢোলারহাট ইউনিয়ন পরিষদের আয়োজনে ঢোলারহাট সরকারি প্রা. বিদ্যালয় মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পানিসম্পর্দ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও ঠাকুরগাঁও ১ আসনের এমপি রমেশ চন্দ্র সেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আবদুল আওয়াল, জেলা আ'লীগের সাধারণ সম্পাদক সাদেক কুরাইশী, সদর উপজেলা আ'লীগের সভাপতি অরুনাংশু দত্ত টিটো, সাধারণ সম্পাদক মোশারুল ইসলাম ও ওই ইউনিয়নের চেয়ারম্যান সীমান্ত কুমার প্রমুখ।

এ সময় বক্তারা বলেন র্বমান সরকারের আমলে শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। প্রাথমিক শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছে। তাই অভিভাবকদের সচেতনার সঙ্গে প্রত্যেক শিক্ষার্থীকে স্কুলমুখী করতে অনরোধ জানান।

পরে মিড ডে মিল চালুর উদ্যোগে এলজিএসপি প্রকল্পের অর্থায়নে বিনামূল্যে ওই ইউনিয়নের ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮শ' শিক্ষার্থীর মায়ের হাতে টিফিন বক্স তুলে দেন অতিথিরা।